B.A. Sanskrit General

Semester - 4 (CC-A4)

Topic - Section - A

Unit - 1

Samjnaprakarana

সংজ্ঞাপ্রকরণম্

By Arpita Rana

Scanned by CamScanner

উচ্চৈরুদাত্তঃ (১।২।২৯) [উচ্চৈঃ উদাত্তঃ]

পূর্ব সূত্র থেকেই আমরা জেনেছি যে হ্রস্ব, দীর্ঘ, প্লুত অচ্ প্রত্যেকে উদাত্তাদি ভেদে তিন প্রকার হয়। এখানে উদাত্ত সংজ্ঞা কখন হবে তা বলা হচ্ছে,

শীর্ষক — উদাত্ত সংজ্ঞা বিধায়ক সংজ্ঞাসূত্র এটি,

পদচ্ছেদ — উচ্চৈঃ - অব্যয়পদ। উদাত্তঃ — প্রথমা বিভক্তির একবচন,

সমাস — সূত্রে কোন প্রকার সমাসবদ্ধ পদ নেই,

অনুবৃত্তি — 'ঊকালোঽজ্ঝ্রস্বদীর্ঘপ্লুতঃ' - সূত্র থেকে 'অচ্' পদের অনুবৃত্তি হবে আলোচ্য সূত্রে।

অর্থ — তালু প্রভৃতি উচ্চারণ স্থানের ঊর্ধ্বভাগে উৎপন্ন অচের উদাত্ত সংজ্ঞা হয়।


আলোচনা — আলোচ্য সূত্রে উচ্চৈঃ শব্দের অর্থ হবে ঊর্ধ্বভাগ। তালু প্রভৃতি উচ্চারণস্থানের ঊর্ধ্বভাগ থেকে উৎপন্ন স্বর হবে উদাত্ত।

কণ্ঠ, তালু, মূর্ধা, দন্ত প্রভৃতি উচ্চারণ স্থান আছে, বর্ণউচ্চারণ করার সময় জিহ্বা উচ্চারণ স্থানে আঘাত করে। যে বর্ণ যে উচ্চারণ স্থান থেকে উচ্চারিত হয় সেই উচ্চারণস্থান অনুযায়ী ওই বর্ণের নামকরণ করা হয়। যথা অকার কণ্ঠ থেকে উচ্চারিত হয় বলে অকারকে কণ্ঠ্যবর্ণ বলা হয়।

Scanned by CamScanner

ধরি, এটি একটি উচ্চারণস্থান কণ্ঠ

<u>কাল্পনিক চিত্র</u>




— ০ —

<u>নীচৈরনুদাত্তঃ (১।২।৩০)</u> [ नीचैरनुदात्तः ]

<u>শীর্ষক</u> – আলোচ্য সূত্রটি অনুদাত্ত সংজ্ঞা বিধায়ক সংজ্ঞা সূত্র,

<u>পদচ্ছেদ</u> – নীচৈঃ – অব্যয়পদ, অনুদাত্তঃ – প্রথমা বিভক্তির একবচন,

<u>সমাস</u> – নেই

<u>অনুবৃত্তি</u> – 'ঊকালোঽজ্ঝ্রস্বদীর্ঘপ্লুতঃ' সূত্র থেকে অচ্ পদটির অনুবৃত্তি হবে,

<u>অর্থ</u> – তালু প্রভৃতি উচ্চারণস্থানের নিম্নভাগ থেকে উৎপন্ন অচের অনুদাত্ত সংজ্ঞা হয়,

— ০ —

<u>সমাহারঃ স্বরিতঃ</u> (১।২।৩১) [समाहारः स्वरितः]

<u>শীর্ষক</u> – আলোচ্য সূত্রটি স্বরিত সংজ্ঞা বিধায়ক সংজ্ঞাসূত্র,

<u>পদচ্ছেদ</u> – সমাহারঃ – প্রথমার একবচন, স্বরিতঃ – প্রথমার একবচন,

<u>সমাস</u> – নেই

Scanned by CamScanner

অনুবৃত্তি — 'ঊকালোঽজ্ঝ্রস্বদীর্ঘপ্লুতঃ' সূত্র থেকে অচ্ পদটির অনুবৃত্তি হবে।

অর্থ — উদাত্তত্ব ও অনুদাত্তত্ব এই দুটি বর্ণধর্মের সমাহার ঘটে যে অচে তার স্বরিত সংজ্ঞা হয়। কোন একটি স্বরবর্ণের মধ্যে যদি উদাত্ত ও অনুদাত্ত উভয়ের ধর্ম উপস্থিত থাকে তবে তাকে স্বরিত বলা হয়।

অচ্ এর হ্রস্ব, দীর্ঘ এবং প্লুত সংজ্ঞা হয়, হ্রস্ব, দীর্ঘ, প্লুতের আবার উদাত্তাদি ভেদে তিন প্রকার হও যায়- হ্রস্ব উদাত্ত, হ্রস্ব অনুদাত্ত, হ্রস্ব স্বরিত, দীর্ঘ উদাত্ত, দীর্ঘ অনুদাত্ত, দীর্ঘ স্বরিত, প্লুত উদাত্ত, প্লুত অনুদাত্ত এবং প্লুত স্বরিত - এই ভাবে লব্ধ নয় প্রকার অচ্ আবার প্রত্যেকটি অনুনাসিকত্ব ও অননুনাসিকত্ব ভেদে দুই প্রকার।

বেদের মন্ত্র উচ্চারণ সময়ে উদাত্ত, অনুদাত্ত, স্বরিত স্বরের প্রয়োজন অপরিহার্য্য।

কতগুলি চিহ্নের মাধ্যমে উদাত্তাদি স্বর বোঝানো হয় —

অ – উদাত্ত

<u>অ</u> – অনুদাত্ত

অ' – স্বরিত

— ০ —